

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ অক্টোবর ২০২২ খ্রি.

নগরীর বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শনকালে মেয়র

চট্টগ্রাম হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল পাদপীঠ

সনাতন ধর্মাবলম্বীদের দুর্গোৎসবের মহানবমীতে আজ মঙ্গলবার সন্ধ্যায় নগরীর বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। পরিদর্শনকালে তিনি বলেন, শারদীয় দুর্গোৎসব সার্বজনীন একটি উৎসব। আবহমান কাল থেকে একের উৎসবে অন্যের অংশগ্রহণ ও উপস্থিতি বাঙ্গালী সমাজের চিরায়িত ঐতিহ্য। এই ঐতিহ্য বাঙ্গালীর অসাম্প্রদায়িক চেতনার অনন্য দৃষ্টান্ত। এখানে রয়েছে হাজার বছরের ধর্মীয় সম্প্রীতির ইতিহাস। আমাদেরকে সম্প্রীতির এই ঐতিহ্য বজায় রাখতে হবে বলে তিনি উল্লেখ করে বলেন চট্টগ্রাম হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল পাদপীঠ। আমাদের সবার সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে অসাম্প্রদায়িক রাষ্ট্র প্রতিষ্ঠা ও সমাজের বিশৃঙ্খলা দূর করতে হবে। নগরীর বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শনকালে তিনি একথাগুলো বলেন।

মেয়র আরো বলেন, শারদীয় দুর্গা উৎসব বাঙালি সনাতনী সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। এই উৎসব যাতে সবার মাঝে আনন্দ বয়ে আনতে পারে সে লক্ষ্যে সবাইকে আন্তরিক হতে হবে। তিনি বলেন, কোন প্রতিবন্ধকতা ছাড়াই সারা দেশে শান্তি, সম্প্রীতি ও যথাযথভাবে উৎসব মুখর পরিবেশে আজ দুর্গোৎসব পালিত হচ্ছে। এটি অসাম্প্রদায়িক বাংলাদেশেরই প্রতিচ্ছবি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই ধরনের একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ চেয়েছিলেন, সেই পরিবেশই সৃষ্টি করেছেন প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। পরিদর্শনকালে মেয়র পূজার্থী ও দর্শনার্থীদের সাথে কুশোল বিনিময় করেন। জেএমসেন হলে মহানগর পূজা উদযাপন কমিটি আয়োজিত, চসিক কুসুম কুমারী স্কুলে চসিক পূজা উদযাপন পরিষদ পূজা মন্ডপ পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন-জেএমসেন হলে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাবেক মেয়র আ.জ.ম নাছির উদ্দীন, লায়ন আশীষ ভট্টাচার্য, হিল্লোস সেন উজ্জ্বল, অরবিন্দ পাল অরুন, এড. চন্দন তালুকদার, অধ্যাপক অর্পণ কান্তি ব্যানার্জী, হাসান মুরাদ বিপ্লব, সুমন দেবনাথ, লায়ন দুলাল চন্দ্র দে, লায়ন দিলীপ, সুজিত দাশ, বিপ্লব সেন, নান্টু চৌধুরী, কুসুম কুমারী পূজা মণ্ডপে শৈবাল দাশ সুমন, বিপ্লব কুমার চৌধুরী, রতন চৌধুরী, মুজিবুর রহমান, রমা দাশ প্রমুখ।

চসিক প্রতিমা বিসর্জনের সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে

সনাতন সম্প্রদায়ের বৃহৎ ধর্মীয় অনুষ্ঠান শারদীয় দুর্গোৎসবের প্রতিমা নিরঞ্জনের জন্য পতেঙ্গা সমুদ্র সৈকতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে। আগামীকাল মঙ্গলবার বিকাল ৩টায় সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রতিমা নিরঞ্জন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রতিমা বিসর্জনের সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পতেঙ্গা সমুদ্র সৈকতে প্যাভেল ও মঞ্চ নির্মাণ, আলোকসজ্জা, পরিষ্কার পরিচ্ছন্নতা, পানীয় জলের ব্যবস্থা, মেডিকেল টিমসহ সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। প্রতিমা বিসর্জন যাতে সুন্দর ও শান্তি শৃংখলার মধ্যদিয়ে সুসম্পন্ন হয়, সেজন্য পূজারী, ভক্ত, দর্শনার্থীসহ পূজা কমিটির নেতৃবৃন্দের প্রতি চসিকের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

দুর্গোৎসব উপলক্ষে সিটি মেয়রের বাণী

সনাতন ধর্মীয় সম্প্রদায়ের সর্ববৃহৎ শারদীয় দুর্গোৎসব উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী হিন্দু সম্প্রদায়কে শারদীয় শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এক বাণীতে বলেন-শারদীয় দুর্গোৎসব সনাতন হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। এই উৎসব সার্বজনীন উৎসবে পরিনত হয়ে বাংলার জনপদে আনন্দের বন্যা ছড়িয়ে দেয়। তিনি সবধরনের কুসংস্কার মুছে ফেলে অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে সার্বজনীন এই উৎসব যেন দেশ ও জাতির সমৃদ্ধি এবং কল্যাণ বয়ে আনে এই প্রত্যাশা করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

নগরীতে এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযান

৪ ব্যক্তিকে ১৯ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর গরীবুল্লাহ শাহ হাউজিং সোসাইটি, খুলশী আবাসিক এলাকা ও দক্ষিণ খুলশী আবাসিক এলাকার বিভিন্ন ভবনে ডেঙ্গু রোগ প্রতিরোধের লক্ষ্যে এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযান পরিচালনা করেন। এই সময় গরীবুল্লাহ শাহ হাউজিং সোসাইটির ৩টি বাড়ির ছাদ বাগানে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ৩ ব্যক্তিকে ১৪ হাজার টাকা ও ফ্লোরাপাস রোডে ফুটপাথ ও রাস্তা দখল করে নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করার অপরাধে ১ ব্যক্তিকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাসেম এবং ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩